



খুলনা সিটি কর্পোরেশন

KHULNA CITY CORPORATION

KHULNA, BANGLADESH.

Mayor : Off. +88-02477-725234
+88-02477-725878
Res. +88-02477-721801
Fax : +88-02477-720946
E-mail : mayorkcc@gmail.com
website : www.khulnacity.org

স্মারক নং- সি/স্ম/১ - ২০২৪/১৬

তারিখ- ২২/০৩/২৪ খ্রিঃ

বিষয় : আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, প্রামাণ্য চিত্র প্রদর্শনী, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীসহ উপস্থিত হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যয় এবার ও খুলনা সিটি কর্পোরেশনের পক্ষ হতে আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, প্রামাণ্য চিত্র প্রদর্শনী, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে আগামী ১৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ০৯.০০ ঘটিকায় ২টি বিভাগে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

| শ্রেণী | বিভাগ | রচনার বিষয় |
|-------------------------|-----------|--|
| ৬ষ্ঠ শ্রেণি - ৮ম শ্রেণি | "ঘ" বিভাগ | রাষ্ট্রনায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| ৯ম ও ১০ম শ্রেণি | "ঙ" বিভাগ | চিরঞ্জীব মুজিব; সোনার বাংলার স্বপ্নদ্রষ্টা |

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক।

এমতাবস্থায়, উক্ত রচনা প্রতিযোগিতা অনুষ্ঠানটি সাফল্য মন্ডিত করার লক্ষ্যে খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে উল্লিখিত তারিখ ও সময়ে আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণ একান্তভাবে কামনা করছি।

বিঃ দ্রঃ চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহনকারী সকল প্রতিযোগিকে প্রতিষ্ঠানে অধ্যয়নের প্রমানপত্র সঙ্গে নিয়ে আসতে হবে।


এসকেএম তাহাদুজ্জামান

শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার

খুলনা সিটি কর্পোরেশন

ফোন-০১৭১১-২৭৫২৫৫